

০৬/১১/২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কার্যালয়, রাজশাহী
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

E-mail: rajshahi@dnc.gov.bd, rajshahidnc@gmail.com

স্মারক নং- ৫৮.০২.৮১০০.১৩৭.০১.০১১.১৯-৫৭৫

তারিখঃ ২৮/৯/২০২১ খ্রি:।

বিষয়: রচনা প্রতিযোগিতা সংক্রান্ত বিজ্ঞপ্তি।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষে ১৭ মার্চ ২০২০ খ্রি: হতে ১৬ ডিসেম্বর ২০২১ খ্রি: পর্যন্ত "মুজিববর্ষ" উদযাপনের নিমিত্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী কর্তৃক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত রচনা প্রতিযোগিতায় আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত ভাবে অনুরোধ করা হ'ল। তিনটি গ্রুপে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

গ্রুপ এবং রচনার বিষয় নিম্নরূপ:

"ক-গ্রুপ" - মাধ্যমিক ও সমমান পর্যায়ের ছাত্রছাত্রীদের জন্য (১০০০ শব্দের মধ্যে)।

"খ-গ্রুপ" - উচ্চ মাধ্যমিক ও সমমান পর্যায়ের ছাত্রছাত্রীদের জন্য (১৫০০ শব্দের মধ্যে)।

"গ-গ্রুপ" স্নাতক ও সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য (২৫০০ শব্দের মধ্যে)।

রচনার বিষয়ঃ "বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে মাদক নির্মূলের গুরুত্ব"

প্রতিযোগিতার নিয়মাবলী:

- ১। রাজশাহী জেলার সকল স্কুল, কলেজ, মাদ্রাসার অগ্রহী ছাত্রছাত্রীরা গ্রুপ অনুসারে এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- ২। রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখতে হবে। কোন ক্রমেই রচনার কটোকপি গ্রহণ যোগ্য নয়।
- ৩। রচনার সাথে অলাদা কাগজে প্রতিযোগির নাম, পিতা/অভিভাবকের নাম, পত্র যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়নরত শ্রেণি ও রোল নম্বর উল্লেখ করতে হবে।
- ৪। রচনা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে দাখিল/প্রেরণ করতে হবে।
- ৫। খামের উপর রচনা প্রাতযোগিতা "মুজিববর্ষ" এবং গ্রুপ উল্লেখ করতে হবে।
- ৬। রচনা আগামী ৩০ অক্টোবর, ২০২১ তারিখের মধ্যে উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী, হুড়ঘাম (ঠাকুরমারা), পোস্ট: রাজশাহী কোর্ট, থানা: কাশিয়াডাঙ্গা, রাজশাহী ঠিকানায় পৌঁছাতে হবে।

পুরস্কার:

প্রতিটি গ্রুপে প্রতিযোগীদের মধ্য হতে প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থান অর্জনকারীদের পুরস্কার প্রদান করা হবে। পুরস্কার বিতরণের তারিখ, সময় ও স্থান পরে জানানো হবে।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

কলেজ/স্কুল।

রাজশাহী মডেল স্কুল (এস্টবলিশ)
রাজশাহী

০৬/১১/২১

(মোহাম্মদ লুৎফুর রহমান)

উপপরিচালক

মোবাইলঃ ০১৪০৪-০৭২৪০৩।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, রাজশাহী।
- ২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী।
- ৪। উপজেলা/থানা, মাধ্যমিক শিক্ষা অফিসার, -----।
- ৫। পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী 'ক'/'খ' সার্কেল।